JAN. 1 5 '0

# সুষ্ঠু শিক্ষানীতি ও অর্থাভাবে শিক্ষার মান বজায় রাখা সম্ভব হইতেছে না

……………………ভিসি আজাদ চৌধুরী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ 'জাতীয় শিক্ষা সপ্তাহ ২০০১' উপলক্ষে গত শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি মিলনায়তনে শিক্ষা সম্মেলনে 'মানব কল্যাণে শিক্ষা' শীর্ষক প্রবন্ধে ভিসি অধ্যাপক এ কে আজাদ চৌধুরী বলিয়াছেন, 'তৃতীয় বিশ্বের দেশগুলিতে জনসংখ্যার বিস্ফোরণ, সুষ্ঠু শিক্ষানীতির অভাব, জনসম্পদের অব্যবস্থাপনা এবং সর্বোপরি অর্থাভাবের ফলে শিক্ষার যথাযথ প্রসার ও শিক্ষারমান বজায় রাখা সম্ভব হইতেছে না। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এ কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত শিক্ষা সম্মেলনে বক্তব্য রাখেন অধ্যাপক এ এফ সিরাজুল ইসলাম চৌধুরী, অধ্যাপক অজয় কুমার রায়, বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক আবুল হাশেম।

অনুষ্ঠানশেষে জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে আয়োজিত প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। পরে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের এক বর্ণাঢ্যর‍্যালী ক্যাম্পাস প্রদক্ষিণ করেন।